# AKASHVANI KOLKATA

## Regional News Unit

**Date: 14.08.2026** **Time: 1-30 PM**

**বিশেষ বিশেষ খবর-**

১) ৮০-তম স্বাধীনতা দিবসের প্রাক্কালে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ সন্ধ্যায় ৭'টায় জাতির উদ্দেশে ভাষণ দেবেন।

২) স্বাধীনতা দিবসের আগে আজ দেশভাগ বিভীষিকা স্মরণ দিবস পালন করা হচ্ছে।

#প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশভাগের ফলে ক্ষতিগ্রস্ত সমস্ত ভারতবাসীর প্রতি শ্রদ্ধা জানিয়েছেন।

৩) স্বাধীনতা দিবস উপলক্ষ্যে পুলিশ, হোমগার্ড সহ ১ হাজার ৫৭ জন কর্মীর জন্য সাহসিকতা ও সেবা পদক ঘোষণা।

৪) সাত সন্দেহভাজন বাংলাদেশী নাগরিককে আটক করে হোল্ডিং সেন্টারে পাঠিয়েচে মুর্শিদাবাদের লালগোলা থানার পুলিশ।

৫) নেতাজি সুভাষ বসু সম্পর্কে অবমাননাকর মন্তব্যের জন্য পশ্চিমবঙ্গ থেকে নির্বাচিত রাজ্যসভার বিজেপি সাংসদ অনন্ত মহারাজ ক্ষমা চেয়েছেন। #কোচবিহারে তার বিরুদ্ধে মামলা দায়ের।

৬) কানাডিয়ান ওপেন টেনিস প্রতিযোগিতায় মহিলাদের সিঙ্গেলস-এ ইগা সুইয়াটেক চ্যাম্পিয়ান হয়েছেন।

*********************************************************************

৮০তম স্বাধীনতা দিবসের প্রাক-সন্ধ্যায় আজ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু জাতির উদ্দেশে ভাষণ দেবেন। জাতীয় স্তরে আকাশবাণীর সবকটি প্রচারতরঙ্গে সন্ধ্যা ৭টায় রাষ্ট্রপতির ভাষণ সম্প্রচারিত হবে। দূরদর্শনের সবকটি চ্যানেলে প্রথমে হিন্দি এবং পরে ইংরেজি ভাষায় এই ভাষণ সম্প্রচার করা হবে। এরপর আঞ্চলিক ভাষায় শোনা যাবে রাষ্ট্রপতির ভাষণ। আকাশবাণী তাদের নিজ নিজ আঞ্চলিক চ্যানেলে রাত সাড়ে ন'টায় রাষ্ট্রপতির ভাষণ সম্প্রচার করবে।

*********************************************************************

দেশজুড়ে আজ দেশভাগ বিভীষিকা স্মরণ দিবস পালন করা হচ্ছে। এই উপলক্ষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশভাগের ভয়াবহ সময় পেরিয়ে আসা সকল দেশবাসীর প্রতি শ্রদ্ধা জানিয়েছেন। সংস্কৃত একটি উদ্ধৃতি তুলে

ধরে তিনি তাঁদের সাহস ও দৃঢ় সংকল্পের কথা স্মরণ করেন। দেশের উন্নয়নে তাঁদের অমূল্য অবদানের কথাও উল্লেখ করেন প্রধানমন্ত্রী।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহও দেশভাগের সময় প্রাণ হারানো এবং সেই ভয়াবহ পরিস্থিতির বিরুদ্ধে লড়াই করা মানুষদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন। সোশ্যাল মিডিয়ায় এক বার্তায় তিনি বলেন, ১৯৪৭ সালের ১৪ আগস্ট ইতিহাসের অন্যতম নৃশংস অধ্যায়ের সাক্ষী। তিনি আরও উল্লেখ করেন, দেশভাগের সময় লক্ষ লক্ষ মানুষ প্রাণ হারান, আর কোটি কোটি মানুষ ঘরবাড়ি ও প্রিয়জনদের ছেড়ে বাস্তুচ্যুত হতে বাধ্য হন। তরুণ প্রজন্মের কাছে এই মর্মান্তিক ইতিহাস পৌঁছে দেওয়ার প্রয়োজনীয়তার কথাও জানান শ্রী শাহ।

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বলেন, দেশভাগের সেই মর্মান্তিক ঘটনায় লক্ষ লক্ষ পরিবার শোক, ঘরছাড়া হওয়া ও অনিশ্চয়তার মধ্যে পড়েছিল।একইসঙ্গে, ঘরবাড়ি ও প্রিয়জন হারিয়েও নতুন করে জীবন গড়ে তোলার অগণিত মানুষের সংগ্রাম, সাহস, আত্মত্যাগ ও দৃঢ় মানসিকতার কথাও স্মরণ করেন তিনি।

*************************************************************************

৮০ তম স্বাধীনতা দিবসের প্রাক্কালে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ সন্ধ্যায় দেশের সেনা বহিনীর উদ্দেশে ভাষণ দেবেন। আজ বিকেল ৫টা ১০ মিনিটে আকাশবাণীর এফএম গোল্ড এবং ইন্দ্রপ্রস্থ চ্যানেলে এই ভাষণ শোনা যাবে।

*************************************************************************

স্বাধীনতা দিবসের প্রাক্কালে সরকার পুলিশ, অগ্নি নির্বাপণ পরিষেবা, হোম গার্ড, সিভিল ডিফেন্স এবং সংশোধনাগার পরিষেবার সঙ্গে যুক্ত ১ হাজার ৫৭ জন কর্মীর জন্য সাহসিকতা এবং সেবা পদক ঘোষণা করেছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র দফতর ২৭২ জন পুলিশ এবং ২৯ জন অগ্নি নির্বাপণ কর্মী সহ ৩০১ জনের জন্য সাহসিকতা পদক প্রদানের কথা ঘোষণা করেছেন। এদের মধ্যে ১৯৭ জন বাম উগ্রপন্থা অধ্যুষিত এলাকায় কর্মরত, ৫১ জন জম্মু কাশ্মীরের, ১২ জন উত্তর পূর্বাঞ্চলের এবং ৪১ জন দেশের অন্যান্য অঞ্চলে কর্মরত রয়েছেন। এছাড়া ৯২ জনকে রাষ্ট্রপতির পদক এবং ৬৬৪ জনকে অসাধারণ কাজের স্বীকৃতিতে বিশেষ পদক দেওয়া হবে বলে জানানো হয়েছে।

*************************************************************************

কেন্দ্রীয় তদন্ত ব্যুরো-সিবিআই, এ বছরের স্বাধীনতা দিবস উপলক্ষ্যে একুশ জন আধিকারিককে রাষ্ট্রপতি পদক ও বিশিষ্ট সেবা পদক দিয়ে সম্মানিত করেছে । রাষ্ট্রপতির বিশিষ্ট সেবা পদক প্রাপকদের মধ্যে রয়েছেন— সহকারী আরক্ষ্যাধক্ষ শোভা দত্ত, অতিরিক্ত পুলিশ সুপার মনোজ বন্দ্যোপাধ্যায় এবং গিন্নি রানা এবং ডি এস পি সঞ্জয় কুমার সামল । এই সম্মাননা দেশের অভ্যন্তরীণ নিরাপত্তা ও তদন্ত কার্যক্রমে তাঁদের অসামান্য অবদান ও নিষ্ঠার স্বীকৃতি হিসেবে দেওয়া হয়েছে বলে সিবিআই জানিয়েছে ।

*************************************************************************

‘প্রধানমন্ত্রী গরিব কল্যাণ অন্ন যোজনা’-র আওতায় ‘সরাসরি সুবিধা হস্তান্তর’ বা ‘ডাইরেক্ট বেনিফিট ট্রান্সফার’-এর জন্য কেন্দ্রীয় ব্যাংকের ডিজিটাল মুদ্রা বা ‘ডিজিটাল রুপি’-র ব্যবহার আজ চণ্ডীগড়ে চালু হচ্ছে। সরকারি সূত্র অনুযায়ী, ‘প্রধানমন্ত্রী গরিব কল্যাণ অন্ন যোজনা’-র অধীনে খাদ্য ভর্তুকির জন্য DBT ব্যবস্থা পূর্ণাঙ্গভাবে চালু করার ক্ষেত্রে চণ্ডীগড় হবে দেশের প্রথম কেন্দ্রশাসিত অঞ্চল। সেখান থেকেই ভার্চুয়াল মাধ্যমে দাদরা ও নগর হাভেলির জন্যও এই উদ্যোগটির সূচনা করা হবে। উদ্বোধনী অনুষ্ঠানের পৌরহিত্য করবেন পাঞ্জাবের রাজ্যপাল তথা চণ্ডীগড় কেন্দ্রশাসিত অঞ্চলের প্রশাসক গুলাব চাঁদ কাটারিয়া। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান। বিশেষ অতিথি হিসেবে থাকবেন কেন্দ্রীয় শিক্ষা, উপভোক্তা বিষয়ক, খাদ্য ও গণবন্টন মন্ত্রী প্রহ্লাদ জোশী সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ।

******************************************************************************

দেশের সমৃদ্ধ হস্তচালিত তাঁত শিল্পের ঐতিহ্যকে বিশ্বের দরবারে তুলে ধরতে কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রী গিরিরাজ সিং আজ নতুনদিল্লিতে ‘হ্যান্ডলুম হাট: দ্য হ্যান্ডলুম এক্সপেরিয়েন্স সেন্টার’-এর উদ্বোধন করবেন। বস্ত্র মন্ত্রক জানিয়েছে, হ্যান্ডলুম হাটকে ভারতের হস্তচালিত তাঁত শিল্পের সামগ্রিক পরিমণ্ডলের একটি প্রদর্শনী কেন্দ্র হিসেবে গড়ে তোলার পরিকল্পনা করা হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে জাতীয় হস্তচালিত তাঁত উন্নয়ন নিগম – NHDC একটি প্রদর্শনী আয়োজন করবে। সেখানে ২৪ জন পুরস্কারপ্রাপ্ত তন্তুবায়ের কাজ প্রদর্শিত হবে।

******************************************************************************

সাত সন্দেহভাজন বাংলাদেশি নাগরিককে আটক করে হোল্ডিং সেন্টারে পাঠিয়েছে মুর্শিদাবাদের লালগোলা থানার পুলিশ। গতকাল সকালে লালগোলা থানার বালিগ্রাম এলাকা থেকে ওই ৭ জনকে আটক করা হয়। পুলিশ সূত্রে জানা গিয়েছে সকলেই বাংলাদেশের রাজশাহি জেলার বিভিন্ন থানা এলাকার বাসিন্দা। কয়েক মাস আগে ভারত-বাংলাদেশ সীমান্ত দিয়ে তারা অবৈধ ভাবে ভারতে আসে। পরে কাজের জন্য দক্ষিণ ভারতে চলে যায় তারা। স্থানীয়দের সন্দেহ হওয়ায় বিষয়টি তাঁরা লালগোলা থানায় জানান। খবর পেয়ে বৃহস্পতিবার সকালে পুলিশ গিয়ে তাদের আটক করে।

******************************************************************************

নেতাজী সম্পর্কে অবমাননাকর মন্তব্যের জন্য নগেন্দ্র রায়, ওরফে অনন্ত মহারাজ ক্ষমা চেয়েছেন। সামাজিক মাধ্যমে এক ভিডিও পোস্ট করে তিনি বলেন, নেতাজী সম্পর্কে তাঁর করা বক্তব্যেই মানুষের ভাবাবেগে আঘাত লেগে থাকলে তিনি ক্ষমা প্রার্থী।

অনন্ত মহারাজের রাজ্যসভার সাংসদ পদ খারিজ এবং গ্রেফতারের দাবি জানিয়েছে বিরোধী দলগুলি।

অন্যদিকে, কোচবিহার, কোতোয়ালি থানার পুলিশ এই সাংসদের বিরুদ্ধে এবার মামলা রুজু করেছে। গত ৭-ই আগস্টের একটি অভিযোগের ভিত্তিতে তার বিরুদ্ধে এই মামলা রুজু করা হয়েছে বলে পুলিশ সূত্রে জানা গেছে। আগেই জানানো হয়েছে, নেতাজী সম্পর্কে সমাজ মাধ্যমে কুরুচিকর পোস্টের অভিযোগে কোচবিহার থেকে এপর্যন্ত পুলিশ পাঁচজনকে গ্রেফতার করেছে। গতকাল, বসন্ত দেবনাথ ও স্বপন মোহন্ত নামে দুই যুবককে সাহেবগঞ্জ থানার পুলিশ গ্রেফতার করে। কোচবিহার কোতোয়ালি থানার পুলিশ, অনন্ত মহারাজ ঘনিষ্ট পিন্টু রায় ও কৃষ্ণ কারজি নামে দুই যুবককে গ্রেফতার করে।

অন্যদিকে, নিশিগঞ্জ এলাকা থেকে ধরা হয় উত্তম বর্মন নামে এক স্কুল শিক্ষককে।

এই ঘটনায় উত্তর দিনাজপুরের চাকুলিয়া থেকে কিরণ কুমার দাস নামে এক ব্যক্তিকে ইসলামপুর সাইবার থানার পুলিশ আগেই গ্রেফতার করেছিল।

************************************************************************

সংযুক্ত আরব আমিরশাহির দুটি তেলবাহী জাহাজ গতসন্ধ্যায় হরমুজ প্রণালী পেরোনোর সময় আক্রান্ত হয়। সংযুক্ত আরব আমিরশাহির বিদেশমন্ত্রক জানিয়েছে, ইরানের পক্ষ থেকে এই জাহাজগুলিতে আক্রমণ চালানো হয়। তারা এই ঘটনার তীব্র নিন্দা করেছেন এবং অবিলম্বে এই ধরনের আক্রমণ বন্ধ করার আহ্বান জানিয়েছে। সেদেশের বিদেশমন্ত্রক আরও বলেছে, ইরান রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের প্রস্তাব উপেক্ষা করে যেভাবে জাহাজের ওপর আক্রমণ চালিয়েছে তারফলে আন্তর্জাতিক সমুদ্রপথে জাহাজ চলাচল বিঘ্নিত হয়েছে।

************************************************************************

পূর্ব জাপানে টানা প্রবল বৃষ্টিতে অন্তত ছয় জনের মৃত্যু হয়েছে। গতকাল থেকে আজ ভোর পর্যন্ত টানা বৃষ্টিতে ব্যাপক বন্যা পরিস্থিতি তৈরি হয়েছে। স্থানীয় সংবাদমাধ্যম জানিয়েছে, জাপানের আবহাওয়া দপ্তর টোকিওর কাছাকাছি  চিবা অঞ্চলের এক-তৃতীয়াংশেরও বেশি পৌরসভায় সর্বোচ্চ স্তরের ‘লেভেল ৫’ এর ভারী বর্ষণ সতর্কতা জারি করেছে। প্রবল বর্ষণের কারণে চিবা ও টোকিওর বিভিন্ন অংশে পরিবহন ব্যবস্থা ব্যাহত হয়েছে। ফলে বহু যাত্রী রাস্তায় আটকে পড়েছেন।

************************************************************************

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প চালকবিহীন ড্রোন এবং এর যন্ত্রাংশ আমদানির ওপর ১০০ শতাংশ পর্যন্ত নতুন শুল্ক আরোপের ঘোষণা করেছেন। চীনের একচ্ছত্র আধিপত্য খর্ব করতে এবং বিদেশি সরবরাহকারীদের ওপর নির্ভরতা কমানোর লক্ষ্যেই এই পদক্ষেপ নেওয়া হয়েছে বলে তিনি জানান।

নতুন এই পদক্ষেপের আওতায় নির্দিষ্ট কিছু চালকবিহীন আকাশযান ব্যবস্থার ওপর ১০০ শতাংশ শুল্ক আরোপ করা হবে। ছোট আকারের ড্রোনগুলোর ক্ষেত্রে শুল্কের হার কমে ২৫ শতাংশ হবে। হোয়াইট হাউস এক বিবৃতিতে জানিয়েছে, জাতীয় নিরাপত্তার স্বার্থে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

**********************************************************************

উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি আজ চামোলি জেলার জলবিদ্যুৎ প্রকল্পের ভূমিধসের ঘটনাস্থল পরিদর্শন করেন। তিনি সেখানে ত্রাণ ও উদ্ধারকার্যের সঙ্গে যুক্ত সংশ্লিষ্ট সকলের সঙ্গে কথা বলেন। আগেই জানানো হয়েছে, উত্তরাখণ্ডের চামোলি জেলায় গত সন্ধ্যেয় এক জলবিদ্যুৎ প্রকল্পের নির্মীয়মাণ সুরঙ্গে, ভূমিধসের ঘটনায় ৭ জনের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন ১৪ জন। সুরঙ্গের ভিতরে ২২ জন শ্রমিক আটকে পড়েছিলেন। তাঁদের মধ্যে ২০ জনকে উদ্ধার করা গেলেও এখনও নিখোঁজ দু'জন। আহত ১৪ জন হাসপাতালে চিকিৎসাধীন।

পিপলকোটির প্রকল্পস্থলে এই দুর্ঘটনার পরই উদ্ধারকাজে নামে পুলিশ, এসডিআরএফ, সিআইএসএফ-সহ একাধিক সংস্থা। পরিস্থিতির উপর নজর রাখা হচ্ছে।

**********************************************************************

বিদেশমন্ত্রী ডজয়শঙ্কর .এস ., ভারত সফররত লাইবেরিয়ার বিদেশমন্ত্রী সারা বেসোলো নিয়ান্তির সঙ্গে গতকাল নতুনদিল্লিতে দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হন। তাঁরা ভারত ও লাইবেরিয়ার দ্বিপাক্ষিক সম্পর্কের সামগ্রিক দিক খতিয়ে দেখেন। প্রযুক্তি, কৃষি, স্বাস্থ্য, খনি, জ্বালানি, বাণিজ্য ও বিনিয়োগ, শিক্ষা সহ একাধিক ক্ষেত্রে দু'দেশের সুযোগসম্ভাবনা- পর্যালোচনা করেন। পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট আঞ্চলিক ও বহুপাক্ষিক বিষয় নিয়েও মতবিনিময় করেন তাঁরা। এ প্রসঙ্গে তাঁরা রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদসহ বহুপাক্ষিক ব্যবস্থায় প্রয়োজনীয় সংস্কারের গুরুত্ব নিয়েও তাঁদের মধ্যে কথা হয়।

**********************************************************************

প্রধানমন্ত্রী বিশ্বকর্মা প্রকল্পে, দিল্লি-এনসিআর অঞ্চলের একশো জন উপভোক্তা স্বাধীনতার ৮০তম বর্ষপূর্তিতে, দিল্লির লালকেল্লায় আয়োজিত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। ক্ষুদ্র, ছোট ও মাঝারি উদ্যোগ মন্ত্রক জানিয়েছে, তাঁদের হাতে স্মারক তুলে দেওয়া হবে এবং মন্ত্রকের কর্মকর্তাদের সঙ্গে বিশেষ আলোচনায় তাঁরা অংশ নেবেন । দর্জি, কাঠমিস্ত্রি, স্বর্ণকার, লৌহকার, তালাচাবি প্রস্তুতকারকসহ বিশ্বকর্মা প্রকল্পের আওতায় থাকা ১৮টি ঐতিহ্যবাহী পেশার প্রতিনিধিরা অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। বিশেষ অতিথিদের মধ্যে বিভিন্ন ঐতিহ্যবাহী পেশার মহিলা শিল্পীরাও রয়েছেন। মন্ত্রক জানিয়েছে, স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে বিশ্বকর্মা প্রকল্পের উপকারভোগীদের অংশগ্রহণ ভারতের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যবাহী কারিগর ও শিল্পীদের অমূল্য অবদানের স্বীকৃতি।

**********************************************************************

স্কোয়াড্রন লিডার ভাবনা কান্ত ভারতীয় বায়ুসেনার প্রথম মহিলা আধিকারিক হিসেবে “ফাইটার কমব্যাট লিডার” হয়ে ইতিহাস গড়েছেন। গোয়ালিয়রের ‘ট্যাকটিকস অ্যান্ড এয়ার কমব্যাট ডেভেলপমেন্ট এস্টাবলিসমেন্ট’-এ এই সাফল্য অর্জন করেন তিনি। সমাজমাধ্যমে এক বার্তায় ভারতীয় বায়ুসেনা জানিয়েছে, তাঁর এই যুগান্তকারী কৃতিত্ব পেশাগত উৎকর্ষ, রণকৌশলগত দক্ষতা এবং আকাশপথে দেশের নেতৃত্ব দেওয়ার ক্ষেত্রে বায়ুসেনার প্রতিশ্রুতি প্রতিফলিত করে।

***********************************************************************

কানাডিয়ান ওপেন টেনিস প্রতিযোগিতায় মহিলাদের সিঙ্গলসে পোল্যান্ডের সপ্তম বাছাই ইগা সুইয়াটেক চ্যাম্পিয়ন হয়েছেন। দ্বিতীয় বাছাই কাজাখস্তানের এলেনা রিবাকিনাকে ৬-২, ৬-৩ স্ট্রেট সেটে হারিয়ে দেন তিনি।

***********************************************************************